. অ্যাসাইনমেন্ট ২

# বাংলা-২

শিরোনাম: ব-ফলা , ম- ফলা ও য- ফলার উচ্চারণ সূত্র এবং গদ্য ও কবিতা থেকে বাছাইকৃত ফলাযুক্ত শব্দের উচ্চারণ।



নির্দেশনা (সংকেত / ধাপ / পরিধি) :

১. ব-ফলার উচ্চারণ সূত্র লেখা।

পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির গদ্য ও কবিতা থেকে ব-ফলাযুক্ত শব্দ বাছাই করে উচ্চারণ লেখা।

২. ম- ফলার উচ্চারণ সূত্র লেখা।

পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির গদ্য ও কবিতা থেকে ম-ফলাযুক্ত শব্দ বাছাই করে উচ্চারণ লেখা।

৩.য- ফলার উচ্চারণ সূত্র লেখা।

পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির গদ্য ও কবিতা থেকে য-ফলাযুক্ত শব্দ বাছাই করে উচ্চারণ লেখা।

## প্রথম নির্দেশনা ব-ফলার উচ্চারণ সূত্র:



সূত্র:১.পদের আদ্য ব্যঞ্জনবর্ণ 'ব'-ফলা সংযুক্ত হলে সাধারণত সে ব- ফলার কোন উচ্চারণ হয় না। (তবে আদি বর্ণটির উচ্চারণে সামান্য ঝোঁক বা শ্বাসাঘাত পড়ে থাকে।) যেমন :দ্বীপ-দিপ্

পাঠ্য গদ্য ও কবিতা থেকে উদাহরণ :

| প্রদত্ত শব্দ | উচ্চারণ | গদ্য / কবিতা |
|---|---|---|
| ১. শ্বশুর | শোশুর্ | (অপরিচিতা পৃ:২৮) |
| ২. ধ্বংস | ধঙ্ শো | (বিদ্রোহী পৃ: ২৬৬) |
| ৩. স্বামী | শামি | (বিলাসী পৃ: ৪৭) |
| ৪. জ্বালা | জালা | (বিলাসী পৃ: ৪৪) |

সূত্র:২. বাংলা উচ্চারণের রীতি অনুসারে পদের মধ্যে কিংবা শেষে ‘ব’ ফলা থাকলে সংযুক্ত বর্ণের উচ্চারণ - দ্বিত্ব ঘটে থাকে। যেমন :বিশ্ব- বিশ্ শো

পাঠ্য গদ্য ও কবিতা থেকে উদাহরণ :

| প্রদত্ত শব্দ | উচ্চারণ | গদ্য / কবিতা |
|---|---|---|
| ১. নিঃশ্বাস | নিশ্ শাশ্ | (অপরিচিতা পৃ. ২৭) |
| ২. সরস্বতী | শরশ্ শোতি | (অপরিচিতা পৃ. ২৮) |
| ৩. পৃথ্বী | পৃত্ থি | (বিদ্রোহী পৃ. ২৬৬) |
| ৪. বিশেষত্ব | বিশেশত্ তো | (অপরিচিতা পৃ. ৩৩) |

সূত্র : ৩ . উৎ (উদ্ ) উপসর্গ যোগে গঠিত শব্দের ‘ৎ’ (দ) / ম- এর সঙ্গে ‘ব’ ফলা যুক্ত হলে , সে ‘ব’ এর উচ্চারণ অবিকৃত থাকে। যেমন :সদ্ব্যয়- সদ্ ব্যায়্, সম্বন্ধে- সম্ বন্ ধে

পাঠ্য গদ্য ও কবিতা থেকে উদাহরণ :

| প্রদত্ত শব্দ | উচ্চারণ | গদ্য / কবিতা |
|---|---|---|
| ১. উদ্বেগ | উদ্ বেগ্ | ( বিলাসী পৃ: ৪৬) |
| ২. সদ্ব্যয় | শদ্ ব্যায়্ | ( বিলাসী পৃ: ৪৬) |
| ৩. আড়ম্বর | আরম্ বর্ | (অপরিচিতা পৃ. ৩০) |
| ৪. বিলম্ব | বিলম্ বো | (অপরিচিতা পৃ. ৩৩) |